# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

**Bangladesh Madrasah Education Board, Dhaka.**

www.bmeb.gov.bd

স্মারক নং-বামাশিবো/কমন/আলিম ভর্তি-১৮/৭৩৬/ তারিখ: ১২/০৫/২০১৮ খ্রিঃ।

## ২০১৮/২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে (আলিম) ভর্তির আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.১৬.২২০, তারিখঃ-০৭মে ২০১৮ খ্রিঃ স্মারকের মাধ্যমে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা -২০১৮ জারি করা হয়েছে। উক্ত নীতিমালার আলোকে ''বাংলাদেশ আন্ত শিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটি'' কর্তৃক ''একাদশ শ্রেণিতে ভর্তি নির্দেশিকা'' প্রণয়ন করা হয়েছে, যা সকল শিক্ষা বোর্ডের জন্য সমভাবে প্রযোজ্য। (নীতিমালা ও ভর্তি নির্দেশিকা বোর্ডের website-www.bmeb.gov.bd তে দেয়া আছে)। Online এ আবেদনের জন্য ওয়েব এর ঠিকানা; www.xiclassadmission.gov.bd

**আবেদনের প্রেক্ষিতে বোর্ড কর্তৃক ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করার সময় নির্ধারিত ফি আদায় সাপেক্ষে রেজিস্ট্রেশন প্রক্রিয়াও সম্পন্ন হয়ে যাবে, পরবর্তীতে রেজিস্ট্রেশনের কোন প্রয়োজন হবে না।**

### সাধারণ নির্দেশিকা

- **১৩ মে হতে ২৪ মে, ২০১৮ তারিখের মধ্যে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য ইন্টারনেট অথবা মোবাইল SMS অথবা উভয় পদ্ধতিতে আবেদন করা যাবে।**
- **ইন্টারনেটে সর্বোচ্চ ১০ টি কলেজ/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে আবেদনের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) আবেদন ফি প্রযোজ্য হবে। SMS এর মাধ্যমে আবেদনের ক্ষেত্রে প্রতি আবেদনের জন্য ১২০/- (একশ বিশ টাকা) আবেদন ফি প্রযোজ্য হবে। ইন্টারনেটের মাধ্যমে আবেদনের জন্য টেলিটক/রকেট/শিওরক্যাশ এর মাধ্যমে ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) প্রদান করতে হবে। SMS এ আবেদনের জন্য শুধুমাত্র টেলিটক মোবাইলের মাধ্যমে ১২০/- (একশত বিশ টাকা) প্রদান করতে হবে।**
- **প্রথম আবেদনের সময় (ইন্টারনেট/SMS উভয় ক্ষেত্রেই প্রযোজ্য) শিক্ষার্থীকে একটি মোবাইল নম্বর দিতে হবে, যেটি শিক্ষার্থীর Contact Number হিসেবে বিবেচিত হইবে। Contact Number টি শিক্ষার্থীদের জন্য অতীব গুরুত্বপূর্ণ কেননা পরবর্তীতে শিক্ষার্থীর সকল যোগাযোগ ও আবেদনের জন্য কিংবা ইন্টারনেট এর মাধ্যমে আবেদন সংশোধনের জন্য এই Contact Number টি প্রযোজ্য হবে।**
- **একাধিক শিক্ষার্থীর আবেদনে একই Contact Number ব্যবহার করা যাবে না। অর্থাৎ ভিন্ন ভিন্ন শিক্ষার্থী Contact Number ভিন্ন ভিন্ন হতে হবে। Contact Number টি পরিবর্তন করা যাবে না, তাই এক্ষেত্রে যথেষ্টে সাবধানতা অবলম্বন করতে হবে যাতে এটি ভুল না হয়।**
- **প্রত্যেক নির্বাচিত শিক্ষার্থীকে অবশ্যই ১৮৫/= টাকা ফি জমা দিয়ে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি নিশ্চায়ন করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর মনোনয়ন ও আবেদন বাতিল হবে। এমন শিক্ষার্থীদের পরবর্তীতে পুনরায় আবেদন ফি জমা দিয়ে নতুন আবেদন করার সুযোগ থাকবে।**

১। **ভর্তির যোগ্যতা ও শাখা নির্বাচন:**

(ক) ২০১৬,২০১৭,২০১৮, সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালে দাখিল বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৮-১৯ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে কোন মাদ্রাসা/সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে; বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

**(খ) মাদ্রাসা শিক্ষা বোর্ডের ভর্তির ক্ষেত্রে;**

(i) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান, সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোন একটি;

(ii) সাধারণ গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোন একটি;

(iii) মুজাব্বিদ গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোন একটি;

(iv) দাখিল (ভোক) গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা মাদ্রাসা শিক্ষা বোর্ডের সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোন একটি;

২। শিক্ষা প্রতিষ্ঠান মন্ত্রণালয় তথা শিক্ষা বোর্ড কর্তৃক ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ও সময় অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করবে। কোন প্রতিষ্ঠান মন্ত্রণালয় ও বোর্ড নির্ধারিত তারিখের বাইরে নিজ ইচ্ছামাফিক ভর্তি কার্যক্রম পরিচালনা করতে পারবে না।

৩। অনলাইন আবেদন ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। এস.এম.এস এর মাধ্যমে প্রতি প্রতিষ্ঠানের জন্য ১২০/- (একশত বিশ) টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে একাধিক মাদ্রাসা/সমমানের প্রতিষ্ঠানে পর পর পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। অনলাইন এবং এসএমএস উভয় পদ্ধতিতে সর্বোচ্চ ১০ (দশ) টি প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো প্রতিষ্ঠানে আবেদন করবে তার মধ্যে থেকে শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র প্রতিষ্ঠানে তার অবস্থান নির্ধারণ করা হবে।

৪। (ক) প্রতিষ্ঠান বোর্ড কর্তৃক নির্ধারিত আসন সংখ্যা (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা শিফট, পুরুষ/মহিলা/সহশিক্ষা, ভার্সন) এবং বোর্ড কর্তৃক নির্ধারিত ভর্তি ফি সহ অনুমোদিত অন্যান্য সকল ফি, ভর্তির নূন্যতম যোগ্যতা ইত্যাদি সহ সকল তথ্য ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখ করে প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড এবং ওয়েব সাইটে প্রকাশ করবে।

(খ) বোর্ডের পূর্বানুমতি ব্যতীত নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। বোর্ডসমূহ স্ব স্ব অধিক্ষেত্রে অবস্থিত প্রতিষ্ঠানে এই বিধানের ব্যত্যয় রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(গ) ভর্তির সময় প্রার্থীকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র এবং যে শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রার্থী দাখিল বা সমমানের পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল সেই শিক্ষা প্রতিষ্ঠনের প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্র দাখিল করতে হবে; সেশন চার্জসহ ভর্তি ফি সর্বসাকুল্যে;
মফস্বল/পৌর (উপজেলা) এলাকায় ১,০০০/- (এক হাজার), পৌর (জেলা সদর) এলাকায় ২,০০০/- (দুই হাজার), ঢাকা ব্যতিত অন্যান্য মেট্রোপলিটন এলাকায় ৩,০০০/- (তিন হাজার) টাকার বেশি হবে না।

(ঘ) কোন শিক্ষার্থীর নিকট হতে অনুমোদিত ফি-এর অতিরিক্ত কোন অর্থ গ্রহণ করা যাবে না এবং অনুমোদিত সকল ফি যথাযথ রশিদ প্রদানের মাধ্যমে গ্রহণ করতে হবে।

(ঙ) শিক্ষা বোর্ড শিক্ষার্থীর নিকট হতে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করার সময় শিক্ষার্থী প্রতি নিম্নোক্ত ফি গ্রহণ করবে:

| ক্রমিক | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১. | রেজিস্ট্রেশন ফি | ১২০/- |
| ২. | ক্রীড়া ফি | ৩০/- |
| ৩. | রোভার/রেঞ্জার ফি | ১৫/- |
| ৪. | রেড ক্রিসেন্ট ফি (২০/- টাকার ৪০% = ৮/-) টাকা | ৮/- |
| ৫. | বিজ্ঞান ও প্রযুক্তি ফি | ৭/- |
| ৬. | বি.এন.সি.সি. ফি | ৫/- |
| | সর্ব মোট = | ১৮৫/- |

(চ) শিক্ষা প্রতিষ্ঠান প্রতি শিক্ষার্থীর নিকট থেকে রেড ক্রিসেন্ট ফি বাবদ (২০/- টাকার ৬০%) ১২ টাকা গ্রহণ করবে;

(ছ) প্রতি শিক্ষা প্রতিষ্ঠানকে বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা বোর্ডে প্রেরণ করতে হবে।

(জ) কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে ও বিলম্বে ভর্তি হলে তার নিকট হতে উল্লিখিত ফি-এর অতিরিক্ত নিম্নোক্ত ফি গ্রহণ করতে হবে, যথা:

| ক্রমিক | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১. | পাঠ বিরতি ফি | ১০০/- |
| ২. | বিলম্ব ভর্তি ফি | ৫০/- |

(ঝ) ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর বোর্ডের বিজ্ঞপ্তির ভিত্তিতে শিক্ষার্থীরা বোর্ডের অনুমতি সাপেক্ষে প্রয়োজনীয় ফি প্রদান করে মাদ্রাসা গ্রুপ ও বিষয় পরিবর্তন করতে পারবে।

(ঞ) ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা জমাদানের সময় প্রত্যেক প্রতিষ্ঠানকে বোর্ড কর্তৃক নির্ধারিত উল্লিখিত ফি এর বিবরণীর সাথে প্রতিষ্ঠন কর্তৃক খাতওয়ারি গৃহীত অন্যান্য ফি'র বিবরণী আলাদাভাবে জমা দিতে হবে।

৫। **আবেদন যাচাই-বাছাই ও আপত্তি নিষ্পত্তি করণঃ**

ভর্তির জন্য আবেদনের ক্ষেত্রে কোন ভুল তথ্য দেয়া হয়ে থাকলে বা ভুয়া আবেদন করা হয়ে থাকলে ২৫-০৫-২০১৮ তারিখের মধ্যে শিক্ষা বোর্ডকে অবহিত করলে কর্তৃপক্ষ নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করবেঃ

- আপত্তি নিষ্পত্তি করণ সাপেক্ষে আবেদন সংশোধন।
- ভুয়া (Fake) আবেদন বাতিল/সংশোধন।

৬। **পুনঃনিরীক্ষণের জন্য আবেদনকারীদের নির্দেশনাঃ**

**যে সমস্ত শিক্ষার্থী পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করেছে, তাদেরকেও ১৩ মে থেকে ২৪ মে ২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদাকৃত নূন্যতম GPA ও অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে অবশ্যই ভর্তির জন্য আবেদন করতে হবে। কোন শিক্ষার্থীর ফল**

**পরিবর্তীত হলে, পূর্বে আবেদনকৃত প্রতিষ্ঠান ছাড়া অন্য কোন প্রতিষ্ঠানে আবেদনের নূন্যতম GPA এর শর্তপূরণ হলে-ঐ সকল নতুন শিক্ষা প্রতিষ্ঠানে ০৫ জুন ২০১৮ থেকে ০৬ জুন ২০১৮ তারিখ রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত আবেদন করতে পারবে, পূর্বের পছন্দের মাদ্রাসা বাতিল করতে পারবে এবং পছন্দক্রমও পরিবর্তন করতে পারবে।** তবে SMS -এর মাধ্যমেকৃত আবেদনসমূহের ক্ষেত্রে পছন্দক্রম পরিবর্তন করা গেলেও, মাদ্রাসা পরিবর্তন করা যাবেনা।

৭। <u>চূড়ান্ত ফলাফল প্রকাশঃ</u>

**ফলাফল প্রক্রিয়াকরণের পর নির্দিষ্ট তারিখে শিক্ষার্থীদেরকে** SMS -এর মাধ্যমে ফলাফল জানানো হবে এবং একই সাথে SMS- এ একটি গোপনীয় Security Code ও প্রদান করা হবে। এই Security Code টি ভর্তি নিশ্চয়নের জন্য সংরক্ষণ করতে হবে। তাছাড়াও শিক্ষার্থীরা ভর্তির ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd থেকে ভর্তির বিস্তারিত ফলাফল জানতে পারবে।

৮। <u>মাদ্রাসায় ভর্তিঃ</u>

**নির্ধারিত তারিখে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা সংশ্লিষ্ট মাদ্রাসায় প্রেরণ করা হবে। অতঃপর ভর্তির জন্য নির্ধারিত তারিখে শিক্ষার্থী মাদ্রাসায় উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাগজপত্র ও অনুমোদিত ফি জমা দিয়ে ভর্তি হবে এবং মাদ্রাসার শিক্ষার্থীরা** Security Code ব্যবহার করে ভর্তির চুড়ান্ত নিশ্চায়ন করবে।

০৯। <u>আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাশ শুরুর সময়সূচি:</u>

**২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবে।**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৯.১ | ভর্তির অনলাইন ও এসএমএস আবেদন গ্রহণ (যারা পুন:নিরীক্ষণের আবেদন করবে তাদের ও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | ১৩/০৫/২০১৮ থেকে ২৪/০৫/২০১৮ |
| ৯.২ | আবেদন যাচাই বাছাই ও আপত্তি নিস্পত্তি | ২৫/০৫/২০১৮থেকে ২৭/০৫/২০১৮ |
| ৯.৩ | শুধুমাত্র পুন: নিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ০৫/০৬/২০১৮ থেকে ০৬/০৬/২০১৮ |
| ৯.৪ | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থদের ফল প্রকাশ | ১০/০৬/২০১৮ |
| ৯.৫ | শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে। | ১১/০৬/২০১৮ থেকে ১৮/০৬/২০১৮ |
| ৯.৬ | ২য় পর্যায়ের আবেদন গ্রহণ | ১৯/০৬/২০১৮ থেকে ২০/০৬/২০১৮ |
| ৯.৭ | পছন্দক্র অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফলাফল প্রকাশ | ২১/০৬/২০১৮ |
| ৯.৮ | ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ২১/০৬/২০১৮ |
| ৯.৯ | ২য় পর্যায়ে শিক্ষার্থীর Selection নিশ্চয়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে। | ২২/০৬/২০১৮ থেকে ২৩/০৬/২০১৮ |
| ৯.১০ | ৩য় পর্যায়ের আবেদন গ্রহণ | ২৪/০৬/২০১৮ |
| ৯.১১ | পছন্দক্র অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফলাফল প্রকাশ | ২৫/০৬/২০১৮ |
| ৯.১২ | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ২৫/০৬/২০১৮ |
| ৯.১৩ | ৩য় পর্যায়ে শিক্ষার্থীর Selection নিশ্চয়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে। | ২৬/০৬/২০১৮ |
| ৯.১৪ | শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি | ২৭/০৬/২০১৮ থেকে ৩০/০৬/২০১৮ |
| ৯.১৫ | ক্লাশ শুরু | ১ জুলাই, ২০১৮ |

১০। <u>শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন:</u>

(ক) সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পূর্বানুমতি ছাড়া একাদশ শ্রেণিতে ভর্তিকৃত কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করা যাবে না। কিংবা বোর্ডের পূর্বানুমতি ছাড়া শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ছাড়পত্রের বরাতে ভর্তি করা যাবে না।

(খ) <u>কোন শিক্ষা প্রতিষ্ঠান কোন অবস্থাতেই সংশ্লিষ্ঠ প্রতিষ্ঠান হতে দাখিল বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট উক্ত শিক্ষার্থী বা তার অভিভাবক ব্যতীত অন্য কোন ব্যক্তি শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করতে পারবে না বা অন্য কোন অজুহাতে কোন শিক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট আটক রাখা যাবে না।</u>

১১। <u>অনুমতি বা স্বীকৃতিবিহীন প্রতিষ্ঠানে ভর্তি নিষিদ্ধ:</u>

(ক) পাঠদান প্রাথমিক অনুমতিবিহীন কোন প্রতিষ্ঠানে কোন অবস্থাতেই ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না

(খ) পাঠদান প্রাথমিক অনুমতিপ্রাপ্ত অথবা স্বীকৃতিপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানে অননুমোদিত শাখা এবং অননুমোদিত কোন বিষয়ে ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

১৩। **নীতিমালার প্রবর্তন ও প্রয়োগ:**

(ক) দেশের সকল সরকারি ও বেসরকারি আলিম মাদ্রাসায় ২০১৮-১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ছাত্র/ছাত্রী ভর্তির ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে;

(খ) শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে এই নীতিমালার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাঠদান অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ মাদ্রাসাটির এম.পি.ও ভুক্তি বাতিল করা হবে এবং সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

**Help Line No- 01757291281, 01757291282, 01757291283**

12.5.18

(প্রফেসর মোঃ মজিবুর রহমান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮।

স্মারক নং-বামাশিবো/কমন/আলিম ভর্তি-১৮ তারিখ: /০৫/২০১৮ খ্রিঃ।

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক/মাদ্রাসা পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। জনাব আমির উদ্দিন, প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৭। অধ্যক্ষ, সকল আলিম মাদ্রাসা।
৮। সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
৯। Help Line এর সকল সদস্য।
১০। পি.এ.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১১। অফিস নথি।

(মোঃ কামাল উদ্দিন)
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন-৯৬৭৫৪০৩
ই-মেইল: kamalbabua@gmail.com